

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
৪১, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
Website: www.dnc.gov.bd

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর কর্মসম্পাদন সূচক ১.১ অনুযায়ী নৈতিকতা কমিটির ৩য় সভার কার্যবিবরণীঃ

সভাপতি : মো: আবদুল ওয়াহাব ভূঞা
মহাপরিচালক।
সভার তারিখ ও সময় : ২৭ ফেব্রুয়ারি, ২০২৩; সকাল ১১.০০ ঘটিকা।
সভার স্থান : অধিদপ্তরের সম্মেলন কক্ষ
সভায় উপস্থিত সদস্যবৃন্দ : পরিশিষ্ট-“ক” দ্রষ্টব্য।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে পরিচালক (প্রশাসন) জানান, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর কর্মসম্পাদন সূচক ১.১ অনুযায়ী প্রতি ত্রৈমাসিকে অনূন একটি নৈতিকতা কমিটির সভা করার লক্ষ্যমাত্রা রয়েছে।

০২। পরিচালক (প্রশাসন) আরো জানান, ইতোমধ্যে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের শুদ্ধাচার প্রতিষ্ঠার অন্তরায় এবং তা দূরীকরণে স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদী কর্মপরিকল্পনা গ্রহণপূর্বক সুরক্ষা সেবা বিভাগে প্রেরণ করা হয়েছে। গৃহীত কর্মপরিকল্পনা অনুযায়ী স্বল্পমেয়াদী বাস্তবায়ন অগ্রগতি তিনি নিম্নবর্ণিতভাবে উপস্থাপন করেন :

ক্রম	কার্যক্রমের বিবরণ/ অন্তরায়	স্বল্প মেয়াদী (১ বছর)	বাস্তবায়ন অগ্রগতি
২.১	সকল মাদকাসক্তি নিরাময় কেন্দ্র CCTV এর আওতায় না থাকা।	৭০% মাদকাসক্তি নিরাময় কেন্দ্র CCTV এর আওতাভুক্ত করা।	<ul style="list-style-type: none"> সরকারী মাদকাসক্তি নিরাময় কেন্দ্র ৪টির মধ্যে ৩টি কেন্দ্র CCTV এর আওতাভুক্ত (রাজশাহী বিভাগের সরকারী নিরাময় কেন্দ্রটি CCTV এর আওতাভুক্ত নয়)। বেসরকারী মাদকাসক্তি নিরাময় কেন্দ্রের মোট ৩৫৪টির মধ্যে ৩২৬টি কেন্দ্র CCTV এর আওতাভুক্ত। সামগ্রিকভাবে ৯১.৮৯% মাদকাসক্তি নিরাময় কেন্দ্র CCTV এর আওতাভুক্ত আছে।
২.২	বেসরকারি নিরাময় কেন্দ্রগুলোতে সার্বক্ষণিক ডাক্তার, সাইকিয়াট্রিস্ট এর স্বল্পতা	২টি কেন্দ্রে সার্বক্ষণিক ডাক্তার, সাইকিয়াট্রিস্ট এর উপস্থিতি নিশ্চিতকরণ।	বিকন পয়েন্ট এবং আহসানিয়া মিশন নামীয় ২টি বেসরকারি নিরাময় কেন্দ্রে সার্বক্ষণিক ডাক্তার, সাইকিয়াট্রিস্ট এর উপস্থিতি নিশ্চিত করা হয়েছে।
২.৩	মাদকাসক্ত সনাক্তকরণ (ডোপ টেস্ট) পরীক্ষার সংখ্যা বৃদ্ধিকরণ	৪০০ জন।	২০২২-২০২৩ অর্থবছরে (জুলাই/২২-জানুয়ারি/২৩ পর্যন্ত) মোট ৩১৪৯ জনের মাদকাসক্ত সনাক্তকরণ (ডোপ টেস্ট) পরীক্ষা সম্পন্ন করা হয়েছে।
২.৪	বিভাগীয় ও জেলা কার্যালয়গুলোতে আইটি বিষয়ে প্রশিক্ষণ প্রদান	১৫০ জন।	২০২২-২০২৩ অর্থবছরে (জুলাই/২২-ফেব্রুয়ারি/২৩ পর্যন্ত) অধিদপ্তরের প্রধান কার্যালয়ে মোট ৬০ জনকে আইটি বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

০৩। পরিচালক (প্রশাসন) ১৫ নভেম্বর, ২০২২ তারিখ অনুষ্ঠিত নৈতিকতা কমিটির ২য় সভায় গৃহীত সিদ্ধান্ত ও বাস্তবায়ন অগ্রগতি নিম্নবর্ণিতভাবে উপস্থাপন করেন :

ক্রম	সিদ্ধান্তসমূহ	বাস্তবায়ন অগ্রগতি
৩.১	শুদ্ধাচার কর্মপরিকল্পনা সূচক ১.৫-এ কর্মপরিবেশ উন্নয়ন সংক্রান্ত ২টি কাজের স্থলে ৪টি কাজ করতে হবে।	<p>১) অধিদপ্তরের প্রধান কার্যালয়ের প্রত্যেক ফ্লোরে পরিচ্ছন্নতা, টবে রোপনকৃত গাছগাছালি সংরক্ষণে গত ১৭/০৭/২০২২ তারিখ ফ্লোরভিত্তিক দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নির্ধারণ করা হয়েছে। কর্মকর্তাগণ অর্পিত দায়িত্ব যথাযথভাবে প্রতিপালন করছেন।</p> <p>২) গত ২৭/১২/২০২২ তারিখ প্রধান কার্যালয়ের ৪র্থ তলায় (লেভেল-৩) ০১টি ফাস্টএইড বক্স স্থাপন করা হয়েছে।</p>

ক্রম	সিদ্ধান্তসমূহ	বাস্তবায়ন অগ্রগতি
৩.২	প্রধান কার্যালয়ের সিডি ও জরুরি বর্হিগমন পথ সকল প্রকার মালামাল মুক্ত রাখতে হবে।	সিদ্ধান্ত মোতাবেক প্রধান কার্যালয় ভবনের সিডি ও জরুরি বর্হিগমন পথ সকল প্রকার মালামাল মুক্ত রাখা হচ্ছে।
৩.৩	কর্মপরিবেশ উন্নয়নে অন্যান্য ০১টি ফাস্টএইড বক্স স্থাপন করতে হবে। উক্ত বক্স স্থাপনের পূর্বে ও পরের ছবি প্রমাণক হিসেবে সংরক্ষণ করতে হবে।	সিদ্ধান্ত মোতাবেক প্রধান কার্যালয়ের ৪র্থ তলায় (লেভেল-৩) ২৭/১২/২০২২ তারিখে ০১টি ফাস্টএইড বক্স স্থাপন করা হয়েছে।
৩.৪	সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা আয়োজন এবং সভার কার্যবিবরণীর সিদ্ধান্তসমূহের বিষয়ে অগ্রগতি যথাসময়ে দাখিল করতে হবে।	সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে ২০/১২/২০২২ তারিখ ২য় সভা অনুষ্ঠিত হয়েছে।

০৪। অতঃপর সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয় :

ক্রম	আলোচনা	সিদ্ধান্তসমূহ	বাস্তবায়নকারী
৪.১	মন্ত্রিপরিষদ বিভাগের ২৫ অক্টোবর, ২০২২ তারিখের ০৪.০০.০০০০.৮২২.২১.০০১.২১.২৭১ সংখ্যক পত্রের নির্দেশনা অনুযায়ী ১.৫ সূচকে কর্মপরিবেশ উন্নয়ন সংক্রান্ত ২টি কাজের স্থলে ৪টি কাজ করতে হবে। তাছাড়া অধিদপ্তরের কর্মকর্তা-কর্মচারী ও অংশীজনের সুবিধা বিবেচনায় প্রধান কার্যালয় ভবনের ৪র্থ তলায় (লেভেল-৩) 'নৈতিকতা কফি কর্ণার' নামে একটি কফি কর্ণার স্থাপন করা যেতে পারে। সেখান থেকে যে কোন ব্যক্তি ১০ টাকার বিনিময়ে কফি পান করতে পারবেন-বিষয়টি আলোচনা হয়।	ক) অধিদপ্তরের কর্মকর্তা-কর্মচারী ও অংশীজনের চলাচলের সুবিধার্থে প্রধান কার্যালয় ভবনের সিডি পথে নির্দেশক হিসেবে স্টিকার (যেমন: ১ম তলা, ২য় তলা, ৩য় তলা ... ইত্যাদি) লাগাতে হবে। খ) প্রধান কার্যালয় ভবনের ৪র্থ তলায় (লেভেল-৩) 'নৈতিকতা কফি কর্ণার' নামে একটি কফি কর্ণার স্থাপন করতে হবে। এ লক্ষ্যে সেখানে একটি রেজিস্টার ও একটি বক্স সংরক্ষণ করতে হবে। রেজিস্টারে নিজ নিজ নাম লিপিবদ্ধ করে ১০ টাকার বিনিময়ে যে কোন ব্যক্তি কফি পান করতে পারবেন।	পরিচালক (প্রশাসন)/ সহকারী পরিচালক (কমন সার্ভিস) পরিচালক (প্রশাসন)/ সহকারী পরিচালক (কমন সার্ভিস)
৪.২	২৭/১২/২০২২ তারিখ প্রধান কার্যালয়ের ৪র্থ তলায় (লেভেল-৩) স্থাপনকৃত ফাস্টএইড বক্স এর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নির্ধারণের বিষয়ে আলোচনা হয়।	২৭/১২/২০২২ তারিখ প্রধান কার্যালয়ের ৪র্থ তলায় (লেভেল-৩) স্থাপনকৃত ফাস্টএইড বক্স সহকারী পরিচালক (কমন সার্ভিস) এর দায়িত্বে থাকবে। তিনি এর সার্বিক কার্যক্রম তদারকী করবেন।	সহকারী পরিচালক (কমন সার্ভিস)
৪.৩	অর্থ মন্ত্রণালয়ের নির্দেশনা/বরাদ্দকৃত বাজেট অনুসারে ২০২২-২৩ অর্থ বছরের রাজস্ব এবং উন্নয়ন বাজেটের সংশোধিত ক্রয়-পরিকল্পনা ৩০/০৪/২০২৩ তারিখের মধ্যে ওয়েবসাইটে প্রকাশকরণের বিষয়ে আলোচনা হয়।	২০২২-২৩ অর্থ বছরের রাজস্ব এবং উন্নয়ন বাজেটের সংশোধিত ক্রয়-পরিকল্পনা ৩০/০৪/২০২৩ তারিখের মধ্যে ওয়েবসাইটে প্রকাশ করতে হবে।	পরিচালক (প্রশাসন)/ উপপরিচালক (ক্রয়, পরিকল্পনা ও উন্নয়ন)/ সহকারী পরিচালক (অর্থ ও হিসাব)

০৪। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মো: আবদুল ওয়াহাব ভূঞা)
মহাপরিচালক (গ্রেড-১)।


নং-৫৮.০২.০০০০.০০৫.০০.০০৭.২১. ১৬৭০

১৬ ফাল্গুন, ১৪২৯
তারিখ: -----
০১ মার্চ, ২০২৩

অনুলিপি সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হ'ল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দু: আ: অতিরিক্ত সচিব, অগ্নি অনুবিভাগ)।
- ২। পরিচালক (প্রশাসন/অপারেশনস্/চিকিৎসা ও পুনর্বাসন/নিরোধ শিক্ষা), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ঢাকা।
- ৩। চীফ কনসালটেন্ট, কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, তেজগাঁও, ঢাকা।

- ৪। প্রধান রাসায়নিক পরীক্ষক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, কেন্দ্রীয় রাসায়নিক পরীক্ষাগার, গেভারিয়া, ঢাকা।
- ৫। অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ/গোয়েন্দা শাখা, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৬। সিস্টেম এনালিস্ট, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৭। উপপরিচালক (.....) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়/বিভাগীয় কার্যালয়/মেট্রো কার্যালয়/জেলা কার্যালয়/বিভাগীয় গোয়েন্দা কার্যালয়/টেকনাফ বিশেষ জোন.....।
- ৮। বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেট, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৯। সহকারী প্রোগ্রামার, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১০। সহকারী পরিচালক (.....) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়/বিভাগীয় কার্যালয়/মেট্রো কার্যালয়/জেলা কার্যালয়/বিভাগীয় গোয়েন্দা কার্যালয়/টেকনাফ বিশেষ জোন.....।
- ১১। স্টাফ অফিসার টু ডিজি (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১২। অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১৩। অফিস কপি।



(দীপজয় খীসা)

সহকারী পরিচালক (প্রশাসন)